২৬/৮/২০০১

দৈনিক ইনকিলাব

তারিখ ............
পৃঃ ৩ কলাম ...৩......

## শিক্ষক-কর্মচারীদের মে মাসের এমপিও'র ভুল সংশোধন করে বেতন-ভাতার ব্যবস্থা করুন
### —জমিয়াতুল মোদার্রেছীন

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব মাওলানা এম এ লতিফসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ এক বিবৃতিতে বলেন, দেশের বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের জন্য মে ২০০১ এমপিওতে বিভিন্ন পর্যায়ে ভুল ধরা পড়েছে। প্রকৃত নাম বাদ পড়েছে আবার কারো নাম একাধিকবার প্রিন্ট হয়েছে। ফলে এমপিওতে জটিলতা সৃষ্টি হয়েছে। এতে কর্মরত অনেক শিক্ষক-কর্মচারী সরকারী বেতন-ভাতা থেকে বঞ্চিত হয়েছেন। নেতৃবৃন্দ এ বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে সংক্ষিপ্ত সময়ের মধ্যে এমপিও সংশোধন করে স্পেশাল এমপিওর মাধ্যমে প্রাপ্যতা অনুসারে বেতন-ভাতা প্রদান করার জন্য সরকারের নিকট অনুরোধ জানিয়েছেন। নেতৃবৃন্দ শিক্ষা উপদেষ্টা ও শিক্ষা সচিবের নিকট পেশকৃত স্মারকলিপির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করার জন্যও অনুরোধ জানিয়েছেন।